মন্ত্রিপরিষদ বিভাগের ডিসেম্বর ২০২০ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: ডিসেম্বর **২০২০** **প্রতিবেদন** প্রস্তুতের তারিখ: ১২ জানুয়ারি ২০২০

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৬	২৭০	১৪৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,১৪৬	১,০১১	১,০৮৯
মোট	২,৫৬২	১,২৮১	১,২৩৫

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্তসচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩৩	৩৫	৪১	৩৭	১৪৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৫	৩৩৬	২৩৬	১৫২	১,০৮৯*
মোট	-	-	৩৯৮	৩৭১	২৭৭	১৮৯	১,২৩৫

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	
দুর্নীতি দমন কমিশন	২	১৩	১৫	-	-	-	সহকারী পরিচালক পদে পদোন্নতি ১ জন,হিসাবরক্ষণ কর্মকর্তা পদে ১ জন,প্রধান সহকারী পদে পদোন্নতি ৬ জন এবং সহকারী (এএসআই) পদে পদোন্নতি ৭ জন

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তারতালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Technical Support for CRVS System Improvement in Bangladesh (3rd Phase)	ডিপিএ: ০.৩৯ জিওবি: ০.১০ মোটঃ ০.৪৯	ডিপিএ -০.০১৬৫ জিওবি-০.০২৯১ (২৭.৪৯%) মোট-০.০৪৫৬	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটেজবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৩টি	০.৩৯৫	০৬	-	০৭টি	৭টি অডিট আপত্তি সংক্রান্ত বিষয়ে ১টি মামলা হয়েছে (মামলা নং-৭/২০০০) যা ঢাকার ৪র্থ সহাকরী জজ আদালতে বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১০টি	২২৮.৩৭	-	-	১০টি	অডিট অধিদপ্তর কর্তৃক জারিকৃত চূড়ান্ত নিষ্পত্তি পত্রের আলোকে বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ডের অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৭টি**	**৯১৫.৫৩৫**	**১০**	-	**২১টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেসের তালিকা:**নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭

*মন্ত্রিপরিষদ বিভাগ-৩	-	-	-	-	৩	-
দুর্নীতি দমন কমিশন-২২	-	১	-	-	২১	৮
মোট=২৫	-	১	-	-	২৪	৮

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ অধিশাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
দুর্নীতি দমন কমিশন	১।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২-৩ ডিসেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	২।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৬-৭ ডিসেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	৩।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	১৩-১৪ ডিসেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন
	৪।	ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২১-২২ ডিসেম্বর ২০২০	দুর্নীতি দমন কমিশন	১৮ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য ২০২০-২১ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বছরে ৬০ ঘণ্টা) চলমান রয়েছে।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নাই।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নাই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নাই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক তিনটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির পাঁচটি; সচিব সভা একটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত নয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২১টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(৩) ১৯৯৩ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, সারসংক্ষেপ এবং বিজ্ঞপ্তিসমূহের মোট ১৬ খণ্ড রেকর্ড স্থায়ীভাবে সংরক্ষণের জন্য ২৩ ডিসেম্বর ২০২০ তারিখে পরিচালক, আরকাইভ্স ও গ্রন্থাগার অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে।

(৪) মন্ত্রিপরিষদ বিভাগের ২টি মন্ত্রিপরিষদ কক্ষে নতুন ২টি ভিডিও কনফারেন্সিং সিস্টেম ইউনিট সংযোজনের লক্ষ্যে ৬৫ লক্ষ টাকা পুনঃউপযোজনে সম্মতি জ্ঞাপনের জন্য ২১ ডিসেম্বর ২০২০ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৫) মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত ২৭ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত 'বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভার কার্যবিবরণী ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

(৬) জাতীয় পতাকা বিধিমালা, ১৯৭২ (Revised up to May 2010) যথাযথভাবে প্রতিপালনের বিষয়ে একটি নির্দেশনা জারি করা হয়েছে।

(৭) বীর মুক্তিযোদ্ধা এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার সমন্বয়ক জনাব আব্দুল হান্নান খান ২৯ নভেম্বর ২০২০ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। জনাব আব্দুল হান্নান খান-এর মৃত্যুতেগভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৩০ নভেম্বর ২০২০ তারিখের বৈঠকে গৃহীত গৃহীত শোকপ্রস্তাব ৩ ডিসেম্বর ২০২০ তারিখের ৩১৭ নম্বর প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৮) বীর মুক্তিযোদ্ধা এবং বরেণ্য সাংস্কৃতিক ও নাট্যব্যক্তিত্ব জনাব আলী যাকের ২৭ নভেম্বর ২০২০ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন) । মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৬ বছর। জনাব আলী যাকেরের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৩০ নভেম্বর ২০২০ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ৩ ডিসেম্বর ২০২০ তারিখের ৩১৬ নম্বর প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) ডিসেম্বর ২০২০ মাসে মন্ত্রিপরিষদ বিভাগে সর্বমোট ১৬টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগগুলির বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত নভেম্বর দ্বিতীয় ও ডিসেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১১) ভোলা জেলার সদর উপজেলার সরকারি খাস জমিতে অর্থনৈতিক অঞ্চল, বিশ্ববিদ্যালয়, ইকো পার্ক, মহিষ প্রজনন খামার, হর্টিকালচার সেন্টার, নৌ-কারখানা ও মৎস্য গবেষণা

ইনস্টিটিউটের একটি ইউনিট স্থাপনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) জেলা প্রশাসকগণের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনার অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর ২০২০) প্রেরণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী ডিসেম্বর ২০২০ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ৩৭ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল এবং ১ জনের বিরুদ্ধে এফআরটি দাখিল করা হয়েছে। এছাড়া, ১৩৮ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। উক্ত বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(১৪) 'মেঘনা নদীকে গ্রাস করছে মেঘনা গ্রুপ' শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) সাক্ষীর খোরাকী ভাতা বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) দেশের সকল হাসপাতালে (সরকারি এবং বেসরকারি) কোভিড-ননকোভিড সকল ধরনের রোগীর চিকিৎসা সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) বিদেশ থেকে বাংলাদেশে আগমনকারী সকল যাত্রীর করোনার নেগেটিভ সনদ যাচাই সংক্রান্ত বিষয়েপ্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যসিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ; সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়; প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ এবং সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) প্রথম ধাপে ২৫টি পৌরসভার নির্বাচনি এলাকায় নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে দু'টি পরিপত্র জারি করা হয়েছে।

(১৯) Committee for Monitoring Implementation of Doing Business Reforms (NCMID)-এর ৭ম সভা আয়োজন করা হয়েছে।

(২০) বিশ্ব বাণিজ্য কেন্দ্র নির্মাণের জন্য বাংলাদেশ রেলওয়ের নিকট থেকে রপ্তানী উন্নয়ন ব্যুরো কর্তৃক ক্রয়কৃত ৫.৫৫৫ একর জমি প্রাপ্তি নিয়ে উদ্ভূত জটিলতা নিরসন সংক্রান্ত ৭ম সভা আয়োজন করা হয়েছে।

(২১) এলজিইডির অধীন 'দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন (সিআরএমআইডিপি)' প্রকল্পের আওতায় টাঙ্গাইল জেলার বিভিন্ন হাটে Two Storied Rural Market Building নির্মাণ বিষয়ে 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) 'Open CRVS project learning sharing'সংক্রান্ত কর্মশালা ১ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়।

(২৩) ৩ ডিসেম্বর ২০২০ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ কর্পোরেশন, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড ও বিস্ফোরক অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

(২৪) ৬ ডিসেম্বর ২০২০ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং আওতাধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, মংলা

বন্দর কর্তৃপক্ষ-এর কর্মকর্তাদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

(২৫) ৭ ডিসেম্বর ২০২০ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

(২৬) ৮ ডিসেম্বর ২০২০ তারিখে খাদ্য মন্ত্রণালয় এবং আওতাধীন খাদ্য অধিদপ্তর; প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কর্মকর্তাদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

(২৭) ৯ ডিসেম্বর ২০২০ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর; স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

(২৮) ১০ ডিসেম্বর ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের ২০২০-২১ অর্থবছরের নৈতিকতা কমিটির দ্বিতীয় সভা সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

(২৯) ১৭ ডিসেম্বর ২০২০ তারিখে সরকারি ব্যবস্থাপনা এবং 4TIER Data Center-এর সক্ষমতার বিষয়ে সভা অনুষ্ঠিত হয় এবং সংশ্লিষ্ট সদস্যদের নিকট কার্যবিবরণী প্রেরণ করা হয়।

(৩০) মন্ত্রণালয়সমূহের ২০২০-২১ অর্থবছরের APA-এর কর্মসম্পাদন সূচক ভিত্তিক প্রয়োজনীয় প্রমাণকের তালিকা তৈরি করা হয়েছে।

(৩১) ২৯টি জেলার ২৩৩টি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এপিএ এপিএএমএস সফটওয়্যারে অন্তর্ভুক্ত করার জন্য প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

(৩২) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র ১ম ত্রৈমাসিক অর্জনের আলোকে পর্যবেক্ষণসমূহ ১৩টি মন্ত্রণালয়/বিভাগকে প্রেরণ করা হয়েছে।

(৩৩) ৩ ডিসেম্বর ২০২০ তারিখ রাজধানীর পূর্বাচল, ঝিলমিলসহ দেশের অন্যান্য সরকারি আবাসন প্রকল্পে নির্মিতব্য স্থাপনাসমূহের নকশা প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।

(৩৪) ১০ নভেম্বর ২০২০ তারিখে 'সামাজিক যোগাযোগ মাধ্যম (Facebook, Messenger, Instagram, WhatsApp, Youtube ইত্যাদি)-এ তরুণ সমাজের নৈতিকতার জন্য ক্ষতিকর কনটেন্ট-এর অপব্যবহার বন্ধে করণীয়' বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৫) ৮ ডিসেম্বর ২০২০ তারিখ অনাকাঙ্ক্ষিত বিস্ফোরণ প্রতিরোধ বিষয়ক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত পত্র সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।

(৩৬) ১৪ ডিসেম্বর ২০২০ তারিখ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড-এর মাধ্যমে অর্থ পরিচালনের বর্তমান পরিস্থিতি বিশ্লেষণের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৭) ২৪ ডিসেম্বর ২০২০ তারিখ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের এলাইনমেন্টভুক্ত জমির অংশে 'ঢাকা মেট্রোপলিটন এলাকায় বাংলাদেশ পুলিশের ৯টি আবাসিক টাওয়ার ভবন নির্মাণ প্রকল্প' এর অধীনে ১৪ তলা আবাসিক ভবন নির্মাণের উদ্যোগের ফলে উদ্ভূত জটিলতা নিরসন সংক্রান্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে।

(৩৮) ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে 'কোভিড-১৯ এর বিস্তার রোধে যুক্তরাজ্য থেকে বাংলাদেশে আগত যাত্রীদের কোয়ারেন্টাইন সংক্রান্ত' বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৯) ২০ ডিসেম্বর ২০২০ তারিখে 'কারাবন্দি ব্যবস্থাপনা' বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে।

(৪০) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০২০-২১ অর্থবছরের ডিসেম্বর ২০২০ মাসের এডিপি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৪১) পদ্মা বহুমুখী সেতু প্রকল্প এলাকায় নির্মিতব্য 'বঙ্গবন্ধু কম্পোজিট মিলিটারি ফার্ম' নামক সমন্বিত খামার প্রকল্প এলাকা নদী ভাঙ্গন থেকে রক্ষাকরণ প্রসঙ্গে পানি উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত পরিকল্পনা/পদক্ষেপের অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

গ.আগামী (জানুয়ারি-ফেব্রুয়ারি) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত কমিটির সভা; স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত কার্যক্রম; সমন্বয় ও সং স্কার ইউনিটের সমন্বয় সভা; সমন্বয় অনুবিভাগের মাসিক সমন্বয় সভা এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি পরিবীক্ষণ কমিটি সভা অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১২টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর ২০২০) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সময়কালে গৃহীত পরিকল্পনাসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ নথিপত্র জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণ সংক্রান্ত কার্যাবলি।

(৫) 'আইনের খসড়া পরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র মতামতসমূহ WAR BOOK, 1977 (Revised in 2018)-এর খসড়ায় অন্তর্ভুক্তসহসমরপুস্তক চূড়ান্তকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৭তম সভা অনুষ্ঠান।

(৭) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৮) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

	(চৌধুরী মোয়াজ্জম আহমদ) উপসচিব **ফোন:**৯৫৫৭৪৪৯ e-mail: report_sec@cabinet.gov.bd

১৭-১-২০২১ ১০:৪৬:৮
চৌধুরী মোয়াজ্জম আহমদ
উপসচিব, রিপোর্ট অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ